‘জুলাই জঙ্গি’ বলে ছাত্রশক্তির ঢাবি সভাপতির ওপর হামলা, দৌড়ে রক্ষা



ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সহযোগী সংগঠন জাতীয় ছাত্রশক্তির ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শাখার সভাপতি হাসিব আল ইসলামের ওপর হামলার ঘটনা ঘটেছে। মঙ্গলবার দুপুরে মৌলভীবাজারের শ্রীমঙ্গলে একটি রিসোর্টে যাওয়ার পথে একদল দুর্বৃত্ত তার অটোরিকশার গতিরোধ করে দেশীয় অস্ত্র নিয়ে হামলা চালায়। এ সময় দৌড়ে পালিয়ে রক্ষা পান তিনি।

জানা গেছে, দুপুর ১২টার দিকে শ্রীমঙ্গলের একটি রিসোর্টের পথে এ ঘটনা ঘটে। ঘটনার একটি ভিডিওতে দেখা যায়, হাসিব একটি অটোরিকশায় ছিলেন। তার সঙ্গে একজন নারীও ছিলেন। পথে একদল ব্যক্তি অটোরিকশাটির পথ আটকে তাকে ঘিরে ধরে। একপর্যায়ে হামলাকারীদের কাছ থেকে দৌড়ে সরে যান তিনি।

অভিযোগ উঠেছে, হামলাকারীরা হাসিবকে ‘জুলাই জঙ্গি’ বলে সম্বোধন করে দেশীয় অস্ত্র নিয়ে তার ওপর চড়াও হয়। এ ঘটনায় স্থানীয় আওয়ামী লীগের নেতাকর্মীরা জড়িত বলে অভিযোগ করা হয়েছে। তবে হামলার সঙ্গে কারা জড়িত, তা স্বাধীনভাবে নিশ্চিত হওয়া যায়নি।